

**ভোটার তালিকা প্রণয়ন
 শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানদের
 সহযোগিতা চেয়েছে
 মন্ত্রণালয়**

নিজের বাড়া পরিবেশক

মধ্য নভেম্বর থেকে ডিসেম্বর পর্যন্ত চলা
 সিটি কর্পোরেশন এলাকার ছবিসহ ভোটার
 তালিকা প্রণয়ন ও জাতীয় পরিচয়পত্র
 প্রদানকালে সংশ্লিষ্ট এলাকার
 শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানদের সহযোগিতা
 চেয়েছে শিক্ষা মন্ত্রণালয়। গতকাল শিক্ষা
 মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও
 অর্থ) এ কে এম আব্দুল আজিজ
 মজুমদারের পাঠানো এক প্রজ্ঞাপনে এ
 সহযোগিতা চাওয়া হয়েছে।

প্রজ্ঞাপনে বলা হয়, ভোটার তালিকা
 প্রণয়ন ও জাতীয় পরিচয়পত্র দেনার সময়
 সিটি কর্পোরেশন এলাকার ভুলনহতে
 বার্ষিক ও জুনিয়র দুই পরীক্ষা অনুষ্ঠিত
 হবে। তাই দুটি কাজই একতরফা করে শেষ
 করতে ভোটার রেজিস্ট্রেশনের সময় পরীক্ষা
 অনুষ্ঠানের সময়সূচি প্রয়োজনে পরিবর্তন
 অথবা সমন্বয় করার আঙ্গান হানানো হয়।
 যে শিক্ষা প্রতিষ্ঠানে নিবন্ধন কার্যক্রম চলবে
 সে প্রতিষ্ঠানের প্রধানদের প্রয়োজনে ছবি
 সংগ্রহের পরামর্শ দেয়া হয় ওই বিজ্ঞপ্তিতে।